এবং ভাষা ও সাহিত্যে [illegible] পেয়েছেন। ভাষা আন্দোলন বিভাগে পদক পেয়েছেন মৌ. আশরাফুদ্দীন

[illegible] মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব হাসনা জাহান খানম স্বাগত বক্তব্য দেন।

মাধ্যমিক বিদ্যালয়ের ১ শ জন ছাত্র-ছাত্রী অংশ গ্রহণ করেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মোরেলগঞ্জ, বাগেরহাট।
হাট বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি
বিজ্ঞপ্তি নং-০১/১৪৩১ বঙ্গাব্দ
www.morrelganj.bagerhat.gov.bd

স্মারক নং-০৫.৪৪.০১৬০.০০০.০৩.০০১.২৪.১১৬

তারিখ: ২৮ মাঘ ১৪৩০ / ১১ ফেব্রুয়ারি ২০২৪

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখা এর ০৬ আশ্বিন ১৪১৮/২১ সেপ্টেম্বর ২০১১খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০নং স্মারকে জারিকৃত নীতিমালা এবং ০৮ ফাল্গুন ১৪২৪/২০ ফেব্রুয়ারি ২০১৮খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০১.০০.০০১.২০১৮-৯৩নং স্মারকের পরিপত্রের আলোকে মোরেলগঞ্জ উপজেলাধীন নিম্নবর্ণিত ৩৯ (উনচল্লিশ) টি হাট-বাজার ১৪৩১ বঙ্গাব্দের জন্য (১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) ১ (এক) বছর মেয়াদ কালের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

হাট-বাজারের নামঃ

ক্রঃ নং	হাট/বাজারের নাম	ইউনিয়নের নাম	১৪৩১ বঙ্গাব্দে ইজারার জন্য সরকারি মূল্য	দরপত্র সিডিউলের মূল্য
১	২	৩	৪	৫
০১।	ঢুলিগাতী হাট	তেলিগাতী	৭,১৭৩/-	৫০০/-
০২।	হেড়মা হাট	ঐ	২৫,৮৪৬/-	৫০০/-
০৩।	পাঁচগাও হাট	পঞ্চকরণ	১,৩১,২২৩/-	১০০০/-
০৪।	পঞ্চকরণ হাট	ঐ	১৬,২৭৯/-	৫০০/-
০৫।	ভাটখালী হাট	পুটিখালী	১,১১,৯৩৬/-	১০০০/-
০৬।	সোনাখালী হাট	ঐ	৮৯,১৮১/-	৫০০/-
০৭।	মঙ্গলের হাট	ঐ	৭৬,৩৫৫/-	৫০০/-
০৮।	দৈবজ্ঞহাটী হাট	দৈবজ্ঞহাটী	২৪,৪০,৫৩৩/-	৫৬০০/-
০৯।	পোলের হাট	ঐ	৩,৮৮,৬১০/-	১৪০০/-
১০।	আমতলা হাট	ঐ	৫৫,৮৬২/-	৫০০/-
১১।	মুন্সীর হাট	ঐ	১২,০৮৯/-	৫০০/-
১২।	হাশেমখার হাট	ঐ	১৮০/-	৫০০/-
১৩।	কামলা পোলের হাট	রামচন্দ্রপুর	৫২,৬৪৭/-	৫০০/-
১৪।	শহীদ আঃ রশিদখার হাট	ঐ	৩২,৬৬৬/-	৫০০/-
১৫।	চিংড়াখালী হাট	চিংড়াখালী	১,৭৪,১১৫/-	১০০০/-
১৬।	বৌলপুর হাট	হোগলাপাশা	২৩,০০,৫৫৩/-	৫৪০০/-
১৭।	শৌলখালী হাট	ঐ	১,৫১,০৫০/-	১০০০/-
১৮।	বনগ্রাম হাট	বনগ্রাম	২১,৪০৩/-	৫০০/-
১৯।	কালিকাবাড়ী হাট	বলইবুনিয়া	৬,৫৪,৩৭৩/-	২০০০/-
২০।	হোগলাবুনিয়া হাট	হোগলাবুনিয়া	৫,৭৬৬/-	৫০০/-
২১।	চৌকিদারের হাট	ঐ	৯,৬৪৫/-	৫০০/-
২২।	ফুলহাতা বাজার	বহরবুনিয়া	৭০,৬৮৭/-	৫০০/-
২৩।	মাদ্রাসা হাট	জিউধলা	১,৩৬,৩৮৭/-	১০০০/-
২৪।	ঢেউয়াতলা হাট	ঐ	৯,৫০৫/-	৫০০/-
২৫।	লক্ষ্মীখালী হাট	ঐ	৫৮,৭৯৫/-	৫০০/-
২৬।	জয়বাংলা হাট	ঐ	১৭৭/-	৫০০/-
২৭।	জিউধরা হাট	নিশানবাড়ীয়া	২,২০,০৩৮/-	১২০০/-
২৮।	গুলিশাখালী হাট	ঐ	৩,৬৬,৫৩৪/-	১৪০০/-
২৯।	কেয়ারের রাস্তার হাট	ঐ	১৭৭/-	৫০০/-
৩০।	তেতুলবাড়ীয়া হাট	বারইখালী	১,৬৭,৩০৫/-	১০০০/-
৩১।	বিশারীঘাটা হাট	মোরেলগঞ্জ	৪০,৪৭২/-	৫০০/-
৩২।	সন্যাসী বাজার	খাউলিয়া	৫,১৩,৫৩৫/-	১৮০০/-
৩৩।	পূর্বচিপা বারইখালী হাট	ঐ	৬৮,৮৪৭/-	৫০০/-
৩৪।	খাউলিয়া হাট	ঐ	২৭,৯৪৯/-	৫০০/-
৩৫।	সন্যাসীলঞ্চঘাট হাট	ঐ	১,৭৭০/-	৫০০/-
৩৬।	বানিয়াখালী হাট	ঐ	৯,৬৮,৬২৮/-	২৬০০/-
৩৭।	আমতলী হাট	ঐ	১,৩০,৭৮৬/-	১০০০/-
৩৮।	কুমারখালী অবদার হাট	ঐ	০	৫০০/-
৩৯।	পল্লী মঙ্গলের হাট	ঐ	৪,১৪,২৪৮/-	১৬০০/-

শর্তাবলীঃ-

০১। বাংলা ১৪৩১ সালের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ৩০ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসীল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, মোরেলগঞ্জ এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাটবাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হইবে।

০৩। যাহার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫%(শতকরা ৭৫ ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হইবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। একদফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না।

০৬। খামের উপর দরদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তি পত্রের শর্ত লংঘন করা হয় তাহা হইলে ইজারা বাতিল বলে গণ্য হইবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন জুটিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারার চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্ট্রার সংরক্ষণ করিবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাঝা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬। হাট-বাজার ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সাইটিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৭। চুক্তি পত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

দরপত্র সিডিউল প্রাপ্তির এবং দাখিলের স্থান ও তারিখ

ক) হাট-বাজারের দরপত্র সিডিউল নির্ধারণ মূল্যে (অফেরতযোগ্য) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়/জেলা প্রশাসক, বাগেরহাট মহোদয়ের কার্যালয়/সহকারী কমিশনার (ভূমি), মোরেলগঞ্জ এর কার্যালয়/ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, মোরেলগঞ্জ শাখা/অফিসার-ইন-চার্জ, মোরেলগঞ্জ থানা এর কার্যালয় হতে নিম্নতফসীল বর্ণিত সময়সূচী অনুযায়ী অফিস চলাকালীন সময়ের মধ্যে ক্রয় করা যাবে।

খ)। দরপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে/জেলা প্রশাসক, বাগেরহাট মহোদয়ের কার্যালয়ে/পুলিশ সুপার, বাগেরহাট মহোদয়ের কার্যালয়ে/সহকারী কমিশনার (ভূমি), মোরেলগঞ্জ এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে গ্রহণ করা হবে।

গ) দরপত্র পর্যায়ক্রমে নিম্নবর্ণিত তারিখ ও সময়ের মধ্যে যথাক্রমে ১ম দফা, ২য় দফা ও ৩য় দফায় গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, ১ম দফায় দাখিলকৃত দরপত্রের দর সন্তোষজনক না হলে বা পাওয়া না গেলে ২য় দফা এবং অনুরূপভাবে ২য় দফায় দরপত্র আহবানে দরপত্র পাওয়া না গেলে বা দরপত্র দর সন্তোষজনক না হলে ৩য় দফা দরপত্র সিডিউল গ্রহণ করা হবে।

ঘ) তফসীল মোতাবেক ১ম দফায় দরপত্র আহবানে কোন হাট-বাজারের ইজারা সম্পন্ন হলে তা ২য় দফার দরপত্র আহবানের তফসীল হতে বাদ বলে গণ্য হবে। অনুরূপভাবে ২য় দফা ও ৩য় দফা দরপত্র আহবানে কোন হাট-বাজার ইজারা হলে তা তৎপরবর্তী সিডিউল হতে উক্ত হাট-বাজারের নাম বাদ বলে গণ্য হবে।

ঙ) দরপত্র ফরম ক্রয়, দাখিল ও খোলার সময়সূচী ঃ-

দরপত্র সিডিউল ক্রয়ের তারিখ ও সময়	দরপত্র সিডিউল দাখিলের তারিখ ও সময়	দরপত্র সিডিউল খোলার তারিখ ও সময়
১ম দফা বিজ্ঞপ্তি প্রচারের তারিখ হতে ০৪/০৩/২০২৪ খ্রিঃ তারিখ সোমবার অফিস চলাকালীন সময় পর্যন্ত	০৫/০৩/২০২৪ খ্রিঃ তারিখ মঙ্গলবার দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত	০৫/০৩/২০২৪ খ্রিঃ তারিখ মঙ্গলবার দুপুর ২.০০ টা
২য় দফা ০৮/০৩/২০২৪ খ্রিঃ তারিখ হতে ২০/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বুধবার অফিস চলাকালীন সময় পর্যন্ত	২১/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত	২১/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার দুপুর ২.০০ টা
৩য় দফা ২৪/০৩/২০২৪ খ্রিঃ তারিখ হতে ০৩/০৪/২০২৪ খ্রিঃ তারিখ বুধবার অফিস চলাকালীন সময় পর্যন্ত	০৪/০৪/২০২৪ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত	০৪/০৪/২০২৪ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার দুপুর ২.০০ টা

১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
২। বিজ্ঞপ্তিটি সংক্ষিপ্ত। বিস্তারিত তথ্য দরপত্র সিডিউল/অফিস চলাকালিন অফিস থেকে জানা যাবে।

স্বাক্ষরিত/-
(এস. এম. তারেক সুলতান)
উপজেলা নির্বাহী অফিসার
মোরেলগঞ্জ, বাগেরহাট।
মোবাঃ ০১৭৩০-৭১৬২৩১
ই-মেইল: [illegible]